# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪০

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৫. ওযুর ফযীলত

## بَابُ فَضْلِ الْوُضُوءِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ سُفْيَانَ بْن عَبْدِ اللَّهِ عَنْ عَاصِمِ بْنِ سُفْيَانَ أَنَّهُمْ غَزَوْا غَزْوَةَ السَّلَاسِلِ فَرَجَعُوا إِلَى مُعَاوِيَةَ وَعِنْدَهُ أَبُو أَيُّوبَ وَعُقْبَةُ بْنُ عَامِرٍ فَقَالَ أَبُو أَيُّوبَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ تَوَضَّأَ كَمَا أُمِرَ وَصَلَّى كَمَا أُمِرَ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ عَمَلٍ أَكَذَاكَ يَا عُقْبَةُ قَالَ نَعَمْ

إسناده جيد

বাংলা

৭৪০. আসিম ইবনু সুফিয়ান হতে বর্ণিত, তারা সালাসিল যুদ্ধে অংশ গ্রহণ করেছিলেন। এরপর তারা মুয়াবিয়া রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট ফিরে গেলেন। তখন তাঁর নিকট আবু আইয়্যুব ও উক্ববাহ ইবনু আমির রাদ্বিয়াল্লাহু আনহুমা অবস্থান করছিলেন। তখন আবু আইয়্যুব বললেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি: “যেভাবে আদেশ করা হয়েছে সেই অনুসারে যে ব্যক্তি ওযু করলো এবং যেভাবে তা আদায় করতে নির্দেশ দেয়া হয়েছে সেই অনুযায়ী সালাত আদায় করলো, তার পেছনের গুনাহগুলো মাফ করে দেওয়া হলো।” হে উক্ববাহ, তাই নয় কি? তিনি বললেন: হাঁ।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: তাবারানী, আল কাবীর ৪/ ১৫৬-১৫৭ নং ৩৯৯৪, ৩৯৯৫; আরো দেখুন, মাজমাউয যাওয়াইদ নং ৩৯, ১১৬২ আমাদের তাহক্বীক্বকৃত। আমরা এর তাখরীজ পূর্ণ করেছি মাওয়ারিদুয যাম’আন নং ১৬৬ তে এবং সহীহ ইবনু হিব্বান নং ১০৪৪ এ। (আহমাদ ৫/৪২৩; নাসাঈ ১৪৪; ইবনু মাজাহ ১৩৯৬; সহীহ ইবনু হিব্বান নং ১০৪৪। মুহাক্কিক্বের মাওয়ারিদুয যাম’আন নং ১৬৬ এর টীকা হতে- অনুবাদক ।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আসিম ইবনু সুফিয়ান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76116

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন